

- ১। যুগে যুগে যুগান্তরে, তপ্ত রোদে পুড়ে পুড়ে রে—
যারা সেজেছে বেহাল ।
তাদের মুখে ভাষা, বুকের আশা, দেহে দিলে নব বল ॥
- ২। (তাদের) বুকের ব্যথা মুছে দিলে,
ব্যথার ব্যথিত হ'য়ে র'লে রে—
সেজে ঘরের দুলাল ।
তাদের ভাসাইলে, প্রেম সলিলে, ঘুচালে আপদ জঞ্জাল ॥
- ৩। ধরা ছিল ব্যথায় ভরা, দুঃখ নিলে দুঃখ তার পাসরা রে—
দিলে পরম সম্বল ।
সেজে কল্পতরু, জগৎগুরু, বিলাইলে প্রেমের ফল ॥
- ৪। দেখা দেয় সে না ডাকিলে, খেতে দেয় সে না চাহিলে রে
এমন পরম দয়াল ।
এমন প্রেমের সাগর, নাই কোথা আর,
গৌর, কৃষ্ণ, রাম কি দয়াল ॥
- ৫। মহানন্দ জেনে বলে, সেই মানুষ এল নমংকুলে রে—
তঁারে চিনিছে “গোপাল”
জগা'র মন দুরাশা, আশা বামন হ'য়ে
চাঁদের নাগাল ॥
—জগবন্ধু মিশ্র



১০৬ নং

তাল—একতাল

নব যুগাবতার দয়াল এবার, ওড়াকান্দী কাজাল সেজেছে
প্রেমস্বরে থরে থরে (নামের) বিজয় ডঙ্কা বেজেছে ॥